# হূদ | Hud | هُود

আয়াতঃ ১১ : ১৫

---

## আরবি মূল আয়াত:

مَن كَانَ يُرِيدُ الحَيٰوةَ الدُّنيَا وَ زِينَتَهَا نُوَفِّ اِلَيهِم اَعمَالَهُم فِيهَا وَ هُم فِيهَا لَا يُبخَسُونَ ﴿١٥﴾

## অনুবাদসমূহ:

যে ব্যক্তি দুনিয়ার জীবন ও তার জৌলুস কামনা করে, আমি সেখানে তাদেরকে তাদের আমলের ফল পুরোপুরি দিয়ে দেই এবং সেখানে তাদেরকে কম দেয়া হবে না। — আল-বায়ান

যারা এ দুনিয়ার জীবন আর তার শোভা সৌন্দর্য কামনা করে, তাদেরকে এখানে তাদের কর্মের পুরোপুরি ফল আমি দিয়ে দেই, আর তাতে তাদের প্রতি কোন কমতি করা হয় না। — তাইসিরুল

যারা শুধু পার্থিব জীবন এবং ওর জাকজমকতা কামনা করে, আমি তাদের কৃতকর্মগুলির ফল দুনিয়ায়ই দিয়ে দিই, তাদের জন্য কিছুই কম করা হয়না। — মুজিবুর রহমান

Whoever desires the life of this world and its adornments - We fully repay them for their deeds therein, and they therein will not be deprived. — Sahih International

১৫. যে কেউ দুনিয়ার জীবন ও তার শোভা কামনা করে, দুনিয়াতে আমরা তাদের কাজের পূর্ণ ফল দান করি এবং সেখানে তাদেরকে কম দেয়া হবে না।

-

তাফসীরে জাকারিয়া

(১৫) যারা শুধু পার্থিব জীবন ও তার সৌন্দর্য কামনা করে, আমি তাদেরকে তাদের কৃতকর্মসমূহ (এর ফল) পৃথিবীতেই পরিপূর্ণরূপে প্রদান করে দিই এবং সেখানে তাদের জন্য কিছুই কম করা হয় না।

-

তাফসীরে আহসানুল বায়ান

---

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1488

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন